# www.priofaridpur.com



**সৈয়দা সাজেদা চৌধুরী**

**১৯৩৫ সালের ৮ মে**

**মাগুরা জেলায়**

সৈয়দা সাজেদা চৌধুরী বাংলাদেশের একজন বিশিষ্ট রাজনীতিবিদ। তাঁর পিতার নাম সৈয়দ হামিদুল্লাহ, মায়ের নাম সৈয়দা আছিয়া খাতুন এবং স্বামীর নাম গোলাম আকবর চৌধুরী। জনাব গোলাম আকবর চৌধুরী মুজিবনগর সরকারের বিশেষ উপদেষ্টা সদস্য এবং ভাষা সৈনিক হিসাবে পরিচিত । তাঁর তিনজন পুত্র সন্তান এবং একজন কন্যা সন্তান রয়েছে।

সাজেদা চৌধুরী ১৯৫৬ সালে বাংলাদেশ আওয়ামীলীগের রাজনীতিতে যোগদানের মাধ্যমে তাঁর রাজনৈতিক জীবন শুরু হয়। এরপর ১৯৬৬ সালে আওয়ামীলীগের ৬ দফা আন্দোলনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। ১৯৬৯ সালে বাংলাদেশ মহিলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক নির্বাচিত হন। তিনি দেশের নারী সমাজের উন্নয়নে গুরুত্বপূর্ন ভূমিকা পালন করেন। ১৯৭১ সালে বঙ্গবন্ধুর নেতৃত্বে মুজিব নগর সরকারের অধীনে গোবরায় মহিলা মুক্তিযোদ্ধা ক্যাম্পের পরিচালক ছিলেন। ১৯৭২ সালে তিনি নারী পূনর্বাসন বোর্ডের পরিচালক মনোনীত হয়েছিলেন। ১৯৭৩ সালে তিনি সংসদ সদস্য নির্বাচিত হন। ১৯৭৫ সালে বঙ্গবন্ধুর মৃত্যুর পরে বিভিন্ন সময়ে বাংলাদেশ আওয়ামী লীগের গুরুত্বপূর্ন দায়িত্ব এবং পরবর্তীতে বাংলাদেশ আওয়ামী লীগের জেনারেল সেক্রেটারির দায়িত্ব পালন করেন। রাজনৈতিক কারণে তিনি কয়েকবার কারাবরণও করেছেন।

সৈয়দা সাজেদা চৌধুরী বাংলাদেশ ক্ষুদ্র শিল্প কর্পোরেশনের পরিচালক ছিলেন।

১৯৯১ সাল থেকে ১৯৯৫ সাল পর্যন্ত ৫ম জাতীয় সংসদ নির্বাচনে সংসদ সদস্য হিসাবে নির্বাচিত হয়েছিলেন। এরপর ১৯৯৬ থেকে ২০০১ সাল সময়ে জাতীয় সংসদের সংরক্ষিত নারী আসনের সদস্য মনোনীত হয়েছিলেন । এরপর ২০০৮ সালের ৯ম জাতীয় সংসদ নির্বাচনে ফরিদপুর থেকে সংসদ সদস্য নির্বাচিত হন এবং বাংলাদেশ জাতীয় সংসদের প্রথম নারী সংসদ উপনেতা হিসাবে দায়িত্ব পালন করেন।

এসময় তিনি নিজ এলাকায় প্রচুর স্কুল, কলেজ, মাদ্রাসা, রাস্তাঘাট ব্রীজ-কালর্ভাট এবং সামাজিক বনায়ন কর্মসূচি উন্নয়নে বিশেষ ভূমিকা পালন করেন।

সামাজিক এবং রাজনৈতিক ক্ষেত্রে বিশেষ অবদান রাখায় তিনি ২০১০ সালে বাংলাদেশ সরকারের স্বাধীনতা পুরস্কার লাভ করেন।